ত্রিপুরা সরকার

তথ্য ও সংস্কৃতি অধিকার

*****

স-৩৪৯১

আগরতলা, ৩০ অক্টোবর, ২০২৫

**ঊনকোটি জেলা হাসপাতালে এইচআইভি পজিটিভ**

**মহিলার জরায়ুর টিউমার সফল অস্ত্রোপচার**

ঊনকোটি জেলা হাসপাতালে ৪৫ বৎসর বয়সী এক মহিলা গত ২৮ অক্টোবর ২০২৫ পেটে তীব্র ব্যথা সহ অন্যান্য আনুষঙ্গিক সমস্যা নিয়ে ভর্তি হন। তিনি একজন এইচআইভি পজিটিভ রোগী ছিলেন এবং বিগত ১৫ বছর ধরে তিনি এআরটি রেট্রোভাইরাল -অ্যান্টি) (থেরাপি চিকিৎসা গ্রহণ করছিলেন।এইচআইভি পজিটিভ হওয়া সত্ত্বেও, জীবনযুদ্ধে তিনি কখনো থেমে থাকেননি, সংসারের সমস্ত স্বাভাবিক কাজকর্ম তিনি করে যাচ্ছিলেন। এমতাবস্থায় কিছুদিন আগে মহিলার কিছু শারীরিক সমস্যা দেখা দেয়। তখন তিনি জেলা হাসপাতালের প্রসূতি ও স্ত্রী রোগ বিশেষজ্ঞ চিকিৎসক ডাঃ সুমিত দাসের শরণাপন্ন হন এবং চিকিৎসকের পরামর্শে প্রয়োজনীয় কিছু পরীক্ষানিরীক্ষা করেন। আর তাতেই তিনি জানতে - পারেন যে, তার বাম জরায়ুতে একটি টিউমার রয়েছে। চিকিৎসকের ভাষায় এটাকে চকলেট সিস্ট বা এন্ডোমেট্রিওমা বলা হয়। কিন্তু এইচআইভি পজিটিভ রোগীর ক্ষেত্রে এই ধরনের অস্ত্রোপচার চ্যালেঞ্জিং বিষয়। তাই ডাঃদাস সমস্ত প্রোটোকল মেনে দ্রুত মহিলার অস্ত্রোপচারের সিদ্ধান্ত নেন এবং ২৯ অক্টোবর, ২০২৫ অস্ত্রোপচারের দিন ঠিক করেন। তখন প্রসূতি ও স্ত্রী রোগ বিশেষজ্ঞ চিকিৎসক ডাঃ সুমিত দাস এবং ডাঃ সুজিত দাস, অ্যানাস্থেসিস্ট ডাঃ অমিত পাল চৌধুরী,নার্সিং অফিসার কাবেরী সাহা ও সাথী ঘোষ,ওটি টেকনিশিয়ান মিঠুন মল্লকে নিয়ে গঠিত চিকিৎসকদের একটি টিম মহিলার অস্ত্রোপচারে নিয়োজিত হন। সমস্ত সতর্কতা এবং প্রোটোকল মেনে এইচআইভি সংক্রমণ প্রতিরোধে সতর্কতার সাথে প্রায় এক ঘণ্টা ৩৫ মিনিট ধরে মহিলার সফল অস্ত্রোপচারের মাধ্যমে সিস্টটি অপসারণ করা হয়। এই অস্ত্রোপচার চলাকালীন অতিরিক্ত রক্তক্ষরণের কারণে মহিলাকে এক ইউনিট রক্ত প্রদান করতে হয়েছে। এই অস্ত্রোপচারের পর মহিলাকে চিকিৎসকদের পর্যবেক্ষণে রাখা হয়। বর্তমানে মহিলার অবস্থা সম্পূর্ণ স্থিতিশীল এবং দ্রুত সুস্থ হয়ে উঠছেন। হাসপাতাল কর্তৃপক্ষ জানিয়েছে, মহিলার বিশেষ কোনো জটিলতা না দেখা দিলে আগামী কয়েকদিনের মধ্যে হাসপাতাল থেকে ছুটি দেওয়া হবে। ঊনকোটি জেলা হাসপাতালের চিকিৎসক ও স্বাস্থ্যকর্মীদের নিষ্ঠা ও দক্ষতা এবং সর্বোপরি এইচআইভি আক্রান্ত হওয়া সত্ত্বেও রোগীর মনের জোরে এই সফল অস্ত্রোপচার সম্ভব হয়েছে।ঊনকোটি জেলা হাসপাতালের চিকিৎসকদের এই ধরনের সফল অস্ত্রোপচারের সুফল লাভ করার ফলে রোগীর পরিবার-পরিজনেরা প্রসূতি ও স্ত্রী রোগ বিশেষজ্ঞ চিকিৎসক ডাঃ সুমিত দাস এবং ডাঃ সুজিত দাস সহ অন্যান্য স্বাস্থ্যকর্মীদের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। স্বাস্থ্য দপ্তর থেকে এই সংবাদ জানানো হয়েছে।

******